অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/26/2023 **গভর্নর ক্যাথি হোকল**

একটি ডাউনটাউন সাফল্যের গল্প: গভর্নর হোকল ওসওয়েগোর ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ সম্পূর্ণ হওয়ার ঘোষণা করলেন

'স্প্ল্যাশ' ইনডোর ওয়াটার পার্ক রিসোর্টের ফিতা কাটার অনুষ্ঠানটি ওসওয়েগোর সর্বশেষ DRI প্রকল্পের কাজ শেষ হওয়ার নিদর্শন; ওসওয়েগো স্টেটের প্রথম DRI সম্প্রদায় হিসেবে এর সকল প্রকল্পের কাজ শেষ করলো

নতুন ওয়াটার পার্কটি কর্মসংস্থান সৃষ্টি করবে এবং দর্শনার্থীদের ওসওয়েগোর ডাউনটাউনে আকৃষ্ট করবে, DRI দ্বারা সৃষ্ট প্রাণোচ্ছলতা এবং পুনরুজ্জীবনকে বৃদ্ধি করবে

শেষ হওয়া DRI এর মধ্যে রয়েছে ডাউনটাউন ওসওয়েগোতে বর্ধিত আবাসন, যা নিউ ইয়র্ককে আরো সাশ্রয়ী করতে গভর্নরের চলমান প্রতিশ্রুতিকে আরো অগ্রসর করে

ওসওয়েগোর DRI প্রকল্পসমূহের পূর্বের ও পরের ছবি দেখুন এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে "স্প্ল্যাশ" ইনডোর ওয়াটারপার্ক রিসোর্টের ("Splash" Indoor Water Park Resort) ফিতা কাটার অনুষ্ঠানে ঘোষণা করলেন যে ওসওয়েগোর সর্বশেষ ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের (Downtown Revitalization Initiative, DRI) প্রকল্পের কাজ শেষ হয়েছে। এই প্রকল্পের কাজ শেষ করার মাধ্যমে ওসওয়েগো প্রথম DRI সম্প্রদায় হিসেবে এর সকল DRI প্রকল্পের কাজ শেষ করলো।

"স্প্ল্যাশ ইনডোর ওয়াটারপার্ক রিসোর্টের ফিতা কাটার অনুষ্ঠানের মধ্যে দিয়ে ওসওয়েগো এর ডাউনটাউনের উন্নয়নে মোট 10টি প্রকল্পের কাজ শেষ করলো এবং একটি আদর্শ DRI সম্প্রদায় হয়ে উঠলো," **গভর্নর হোকল বলেন।** "ওসওয়েগোর অভিজ্ঞতা প্রদর্শন করে যে কর্মসূচির সাফল্য নিশ্চিত করতে এবং পুরো অঞ্চলে অর্থনৈতিক বিকাশের সূচনা করা নিশ্চিত করতে অতি গুরুত্বপূর্ণ সরকারি ও বেসরকারি অংশীদারিত্ব প্রয়োজন। সাফল্যের এই গল্পটি অন্যান্য সম্প্রদায়ের জন্য একটি উদাহরণ হিসেবে কাজ করতে পারবে এবং আমরা আমাদের DRI ও NY ফরোয়ার্ড কর্মসূচিগুলির ভবিষ্যতের দিকে তাকিয়ে আছি এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য রো ভালো একটি ভবিষ্যৎ গঠনের জন্য কাজ অব্যাহত রেখেছি।"

নিউ ইয়র্ক স্টেটের সচিব রবার্ট জে. রড্রিগেজ বলেন, "ওসওয়েগোতে আসলে আপনি ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ প্রকল্পসমূহের দ্বারা সৃষ্ট শক্তি, প্রাণোচ্ছলতা এবং আনন্দকে অনুভব করতে পারবেন। শহরটি অত্যন্ত দক্ষতার সাথে বিভিন্ন ধরনের প্রকল্প বাছাই ও সমন্বিত করেছে যা DRI এর ভিশন ও লক্ষ্যের উদাহরণস্বরূপ, পুনরুজ্জীবন প্রক্রিয়া আরো উদ্ঘাটিত হতে থাকার সময় আরো বিনিয়োগ আসার পথ এটি তৈরি করে দিয়েছে এবং এই কর্মসূচিতে অংশগ্রহণকারী অন্যান্য সম্প্রদায়ের জন্য এটি একটি উজ্জ্বল উদাহরণ হয়ে থাকবে। উল্লেখযোগ্য এই অর্জনের জন্য ওসওয়েগো সিটিকে অভিনন্দন।"

স্প্ল্যাশ ইনডোর ওয়াটারপার্ক রিসোর্টটি হলো একটি চার মৌসুমের পারিবারিক গন্তব্য যা ক্ল্যারিয়ন হোটেল এবং কনফারেন্স সেন্টারের (Clarion Hotel and Conference Center) সাথে সংযুক্ত, যেখানে থেকে ওসওয়েগো যদি/ক্যানাল দেখা যায়, যা প্রকল্পটিকে শহরের প্রিয় রিভারফ্রন্টের সাথে এবং পোর্ট সিটি হিসেবে এর সমৃদ্ধ উপকূলবর্তী ইতিহাসের সাথে সংযুক্ত করে। একটি মজাদার, পরিবার বান্ধব গন্তব্য হিসেবে ডাউনটাউনের আকর্ষণ জোরদার করতে স্প্ল্যাশ গঠিত হয়েছে ডাউনটাউনের বিদ্যমান নোঙ্গর বিকাশকাজ ও আকর্ষণের উপর ভিত্তি করে, যার অনেকগুলি DRI এবং অন্যান্য স্টেট কর্মসূচির দ্বারা অর্থায়িত হয়েছে।

DRI প্রকল্পটির জন্য 500,000 মার্কিন ডলার প্রদান করেছে, যা বাস্তবায়ন করেছে ব্রডওয়েল হসপিটালিটি গ্রুপের (Broadwell Hospitality Group) শেন ব্রডওয়েল। ব্রডওয়েলের হিসাব অনুযায়ী ব্যস্ত মৌসুমে স্প্ল্যাশ 60-70টি কর্মসংস্থান সৃষ্টি করবে। এছাড়াও ওয়াটার পার্কটি এলাকায় আরো দর্শনার্থীকে আকৃষ্ট করার মাধ্যমে আশেপাশের ব্যবসাসমূহকে সমর্থন করবে।

2016 সালে DRI কর্মসূচির প্রথম রাউন্ড থেকে ওসওয়েগো 10 মিলিয়ন মার্কিন ডলার পেয়েছে। সিটির কৌশলী বিনিয়োগ পরিকল্পনার মূল উদ্দেশ্য ছিলো ডাউনটাউনের আবাসন বৃদ্ধি করা, এবং সকল বয়সের জন্য বিনোদন ও বাইরে খাওয়াদাওয়ার সুযোগ প্রদান করা, এবং একই সাথে এর প্রিয় সম্পদ ওয়াটারফ্রন্টের অ্যাক্সেসকে সর্বোচ্চ করা। এখন পর্যন্ত, ওসওয়েগোর প্রকল্পসমূহ সকল উপার্জন মাত্রার গৃহস্থালির জন্য 200 ইউনিটের বেশি আবাসন, 12টি বাণিজ্যিক স্থান এবং 150টির বেশি নতুন পূর্ণকালীন ও খণ্ডকালীন চাকরি তৈরি করেছে।

DRI এর অংশ হিসেবে, ওসওয়েগো মোট 10টি পুনরুজ্জীবন প্রকল্পের কাজ শেষ করেছে:

- **"স্প্ল্যাশ" ইনডোর ওয়াটার পার্ক রিসোর্ট নির্মাণ - 500,000 মার্কিন ডলার DRI অর্থ, মোট প্রকল্প ব্যয় 5,600,000 মার্কিন ডলার:** দর্শনার্থীদের আকৃষ্ট করার জন্য এবং ডাউনটাউন একটি চার মৌসুমের পারিবারিক গন্তব্য তৈরির জন্য নতুন "স্প্ল্যাশ" ইনডোর ওয়াটার পার্ক রিসোর্ট নির্মাণ করা হয়েছে, যা ওয়াটারফ্রন্টের নিকটে একটি বিদ্যমান হোটেল এবং ইভেন্ট/কনফারেন্স সেন্টারের সাথে যুক্ত।

- **ওয়েস্ট ফার্স্ট স্ট্রিটে একটি একাধিক ভবনের মিশ্র ব্যবহারের ডেভেলপমেন্ট, রিভারওয়াক (Riverwalk) তৈরি করা - 2,000,000 মার্কিন ডলার DRI অর্থ, মোট প্রকল্প ব্যয় 9,500,000 মার্কিন ডলার:** ওসওয়েগোতে 32টি বাজার দরের অ্যাপার্টমেন্ট এবং 28টি ইনডোর পার্কিং স্থান তৈরি করেছে। রিভারওয়াক ওসওয়েগোতে 20টি

পূর্ণকালীন এবং 25টি খণ্ডকালীন চাকরি তৈরি করেছে আর মোট বেতন 700,000 মার্কিন ডলারের বেশি, পাশাপাশি রিভারওয়াক স্যালন সুইটসে 10 জন পূর্ণকালীন স্বাধীন স্টাইলিস্ট তাদের নিজস্ব ব্যবসা শুরু করেছে।

- **একটি মিশ্র আয়ের রিডেভেলপমেন্ট, হার্বার ভিউ স্কয়ার (Harbor View Square) তৈরি - 740,000 মার্কিন ডলার DRI অর্থ, মোট প্রকল্প ব্যয় 29,200,000 মার্কিন ডলার:** ব্রাউনফিল্ড সাইট প্রকল্পের একটি মিশ্র আয়ের রিডেভেলপমেন্টের কাজ শেষ করেছে, ওসওয়েগোর 68 ওয়েস্ট ফার্স্ট স্ট্রিটে 75টি আবাসন ইউনিট এবং 8,000 বর্গফুট বাণিজ্যিক স্থান প্রদান করেছে।

- **মিডটাউন প্লাজাকে (Midtown Plaza) একটি মিশ্র ব্যবহারের গেটওয়ে ডেভেলপমেন্ট, ইস্ট লেক কমন্সে (East Lake Commons) রূপান্তরিত করেছে - 2,000,000 মার্কিন ডলার DRI অর্থ, মোট প্রকল্প ব্যয় 25,200,000 মার্কিন ডলার:** দীর্ঘদিন ধরে ডাউনটাউনের চোখের কাটা হয়ে থাকা সাইটে অবস্থিত একটি বিদ্যমান কাঠামো ভেঙ্গে ফেলা হয়েছে, এবং তার বদলে একটি নতুন আকর্ষণীয় নোঙ্গর ডেভেলপমেন্ট করা হয়েছে, যা 2টি স্থায়ী পূর্ণকালীন চাকরি এবং এলাকার মধ্যম আয়ের 50 - 80 শতাংশের মধ্যে থাকা মানুষের জন্য 70টি আবাসন ইউনিট তৈরি হয়েছে।

- **ঐতিহাসিক বাকআউট-জোন্স ভবন (Buckhout-Jones Building) পুনঃস্থাপন এবং ওসওয়েগোর শিশু জাদুঘর (Children's Museum of Oswego) সংস্কার - 480,000 মার্কিন ডলার DRI অর্থ, মোট প্রকল্প ব্যয় 3,200,000 মার্কিন ডলার:** ডাউনটাউনের কেন্দ্রে অবস্থিত ঐতিহাসিক বাকআউট-জোন্স ভবনের ফ্যাসেড স্থিতিশীল ও পুনঃস্থাপন করা হয়েছে। ভবনটির নিচতলায় অবস্থিত ওসওয়েগোর শিশু জাদুঘরের জন্য স্থানটির সংস্কার করে হাতে কলমে শিক্ষামূলক ও সাংস্কৃতিক প্রদর্শনী যোগ করা হয়েছে। এই প্রকল্পটি 13টি কর্মসংস্থান তৈরি করেছে এবং প্রাক্তন 5টি হোটেল কক্ষকে আবাসিক ইউনিটে রূপান্তরিত করেছে।

- **আবাসন ও একটি রেস্টুরেন্ট দিয়ে ঐতিহাসিক কাহিল ভবনকে (Cahill Building) রূপান্তর - 700,000 মার্কিন ডলার DRI অর্থ, মোট প্রকল্প ব্যয় 1,750,000 মার্কিন ডলার:** ওসওয়েগোর সর্বপ্রাচীন কাঠামো, কাহিল ভবনকে স্থিতিশীল করেছে, এবং 7টি আবাসন এবং 2টি বাণিজ্যিক স্থান এবং সেই সাথে 2টি খণ্ডকালীন চাকরি তৈরি করেছে।

- **রিভারওয়াক উন্নত করেছে এবং একটি পকেট পার্ক তৈরি করেছে - 680,000 মার্কিন ডলার DRI অর্থ, মোট প্রকল্প ব্যয় 930,000 মার্কিন ডলার:** রিভারফ্রন্ট ট্রেইল নেটওয়ার্কে উন্নয়নমূলক নির্মাণকাজ করা হয়েছে যাতে ডাউনটাউনের সাথে আরো ভালো সংযোগ প্রদান করা যায় এবং নতুন বেড়া, ল্যান্ডস্কেপিং, বাতির ব্যবস্থা, বসার ব্যবস্থা, সাইনেজ এবং নতুন অ্যাক্সেস পয়েন্টের মতো ব্যবহারকারী সুযোগ সুবিধা প্রদান করা যায়। একটি মুখ্য কেন্দ্রীয় ডাউনটাউন অবস্থানে শহরের সম্পত্তিতে একটি পকেট

পার্ক তৈরি করেছে, যা সাইটটির আশেপাশে একগুচ্ছ DERI প্রকল্প সংলগ্ন, এবং এটি সম্প্রদায়ের জমায়েত হওয়ার জন্য একটি নমনীয় পাবলিক স্পেস এবং পাবলিক ইভেন্টের জন্য একটি স্থান। এই স্পেসটিতে এখন একটি সাপ্তাহিক গ্রীষ্মকালীন কনসার্ট সিরিজ আয়োজন করা হচ্ছে যেখানে সম্প্রদায়ের অনেক মানুষ উপস্থিত হয়।

- **ভাগ্য হলো সুযোগ সনাক্ত করার ক্ষমতা (Luck Is The Ability To Recognize Opportunity, L.I.T.A.T.R.O) তৈরি করা, এটি আবাসিক ইউনিট, খুচরা বিক্রির স্থান এবং রেস্টুরেন্টসহ মিশ্র ব্যবহারের ভবন - 1,000,000 মার্কিন ডলার DRI অর্থ, মোট প্রকল্প ব্যয় 7,200,000 মার্কিন ডলার:** ডব্লিউ. ফার্স্ট স্ট্রিট এবং ডব্লিউ. ব্রিজ স্ট্রিটের কোণায় অবস্থিত একটি দুইতলা মিশ্র ব্যবহারের ভবনকে পুনর্গঠন করে একটি একতলা গ্লোবাল বুফে বানানো হয়েছে, যার ফলে 20টি আবাসন ইউনিট, 42টি নতুন চাকরি এবং ছাদের উপরে একটি রেস্টুরেন্ট ও ডেক রয়েছে।

- **ওসওয়েগো ডাউনটাউন উন্নয়ন তহবিল (Oswego Downtown Improvement Fund) স্থাপন করেছে - 600,000 মার্কিন ডলার DRI অর্থ, মোট প্রকল্প ব্যয় 933,483 মার্কিন ডলার:** সক্রিয়ভাবে স্থানীয় ব্যবসার বিকাশ সমর্থন করেছে, একটি আবর্তিত ঋণ এবং সম্মিলিত অনুদান/ঋণ তহবিলের মাধ্যমে সংস্কার ও আউটডোর কর্মসূচি তৈরি করেছে।

- **ওয়েস্ট ব্রিজ স্ট্রিটে একটি সড়কসমূহের সম্পূর্ণ মেকওভার করেছে - 1,000,000 মার্কিন ডলার DRI অর্থ, মোট প্রকল্প ব্যয় 1,600,000 মার্কিন ডলার:** আপার ডাউনটাউন এবং ওয়াটারফ্রন্টের মধ্যে একটি নিরাপদ, আকর্ষণীয় এবং চিত্তাকর্ষক সংযোগ তৈরি করেছে যেখানে আমেরিকানস উইথ ডিজেবিলিটি অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA) অনুসারী সাইডওয়াক, ক্রসওয়াক এবং সাইডওয়াক বাম্প-আউট, স্ট্রিট স্ট্রাইপিং, এবং সবুজ অবকাঠামোর মতো নতুন বৈশিষ্ট্য আছে।

ওসওয়েগো DRI হলো কর্মসূচির ভিশন ও লক্ষ্যের জন্য উদাহরণ স্বরূপ, সকল প্রকল্প যাতে একে অন্যের সাথে সমন্বিত হয় এবং এটি ব্যবহারে করে যাতে DRI এর প্রাথমিক 10 মিলিয়ন মার্কিন ডলার অর্থের বাইরেও অতিরিক্ত বেসরকারি এবং সরকারি খাতের বিনিয়োগ সম্ভব হয় তা তারা নিশ্চিত করেছে। ওসওয়েগোর 10 মিলিয়ন মার্কিন ডলারের DRI বিনিয়োগ 63.6 মিলিয়ন মার্কিন ডলার অতিরিক্ত বেসরকারি কষ্টের বিনিয়োগ এনেছে, যা কিনা বিনিয়োগে 1-থেকে-6 পর্যায়ের রিটার্ন। ফলস্বরূপ, স্টেট বিভাগ ওসওয়েগো DRI এর উপর একটি কেস স্টাডি তৈরি করেছে, যা এখানে পাওয়া যাবে।

স্প্ল্যাশ ইনডোর ওয়াটারপার্ক রিসোর্টের মালিক এবং ব্রডওয়েল হসপিটালিটি গ্রুপের শেন ব্রডওয়েল বলেন, "নিউ ইয়র্ক স্টেটের ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের ফলাফল হিসেবে ওসওয়েগো সম্প্রদায়ে যেই দুর্দান্ত রেনেসাঁ সংঘটিত হয়েছে তার চূড়ান্ত প্রকল্প হতে পেরে স্প্ল্যাশ ইনডোর ওয়াটারপার্ক রিসোর্টটি অতি আনন্দিত। DRI এবং স্টেটের অন্যান্য কর্মসূচির সমর্থন ছাড়া আমাদের 5.6 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পটি সম্ভব হতো না, এবং সেই সব

অংশীদারিত্বের জন্য আমরা সত্যিই কৃতজ্ঞ। আমাদের ওয়াটার পার্ক খুলে দেওয়ার পর আমরা বেড়াতে আসা পরিবারগুলির মধ্যে উৎসাহ দেখেছি, কিন্তু পাশাপাশি স্প্ল্যাশ সম্প্রদায়ের মধ্যে নতুন সুযোগও প্রদান করেছে, ব্যস্ত মৌসুমগুলিকে 60-70টি কর্মসংস্থান সৃষ্টি করবে, এবং একটি মজাদার, পরিবার বান্ধব গন্তব্য হিসেবে আমাদের ডাউনটাউনের আকর্ষণকে বলীয়ান করছে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা, এবং কমিশনার হোপ নাইট বলেন, "অর্থনৈতিক বিকাশের অর্থ শুধু কর্মসংস্থান ও শিল্পখাতের বিকাশ নয়, এর মধ্যে এছাড়াও রয়েছে এমন উপায়ে আমাদের কমিউনিটি সেন্টারগুলিকে উন্নত করা যাতে সেগুলি বাসিন্দা, দর্শনার্থী, এবং ব্যবসা সকলের জন্য আরো আকর্ষণীয় হয় উঠে, এবং নতুন "স্প্ল্যাশ" ইনডোর ওয়াটার পার্ক দিয়ে ওসওয়েগো তা অর্জন করতে। পেরেছে এই আকর্ষণীয় প্রকল্পের কাজ শেষ করার মাধ্যমে, ওসওয়েগো এর ওয়াটারফ্রন্টকে একটি প্রাণবন্ত ও আকর্ষণীয় সিটি সেন্টার হিসেবে পুনঃকল্পনা করতে পেরেছে।ওসওয়েগো সিটিকে এই দারুণ মাইলফলকে পৌঁছানোর জন্য অভিনন্দন।"

হোম এবং কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "আজকের ফিতা কাটার মাধ্যমে ওসওয়েগোর প্রতি স্টেটের 10 মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি সম্পূর্ণ হলো, তারা প্রথম মিউনিসিপ্যালিটি হিসেবে এই কর্মসূচির অধীনে এই মাইলফলকে পৌঁছাতে পেরেছে। সুন্দর এবং পুনরুদীয়মান এই শহরে সকল উপার্জন গোষ্ঠীর বাসিন্দাদের জন্য নতুন আবাসন সুযোগ তৈরি করা এই উদ্যোগটিতে একটি ভূমিকা পালন করতে পেরে HCR গর্বিত। এই উদ্যোগের পরিকল্পনা এবং বাস্তবায়নে জড়িত সকলকে অভিনন্দন, আপনাদের কাজ নিঃসন্দেহে ওসওয়েগোর অনেক প্রজন্মের বাসিন্দা, ব্যবসা, এবং দর্শনার্থীদের উপকার করবে।"

সেন্ট্রাল নিউ ইয়র্কের আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদের (Central New York Regional Economic Development Council, REDC) সহপ্রধানগণ, সেন্ট্রাল নিউ ইয়র্ক ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশনের (Manufacturers Association of Central New York) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা র‍্যান্ডি ওলকেন এবং লা ময়েন কলেজের (Le Moyne College) প্রেসিডেন্ট লিন্ডা এম. লামুরা বলেন, "গভর্নরের ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগটি ঠিক তাই করেছে যা এটির করার কথা ছিলো। 10 মিলিয়ন মার্কিন ডলারের DRI তহবিল অনেকগুলি অভীষ্ট প্রকল্পের ইন্ধন প্রদান করতে সাহায্য করেছে, অর্থনৈতিক বিকাশের প্রচার করেছে এবং মানুষ যেখানে বাস করতে, কাজ করতে, এবং আনন্দ করতে চায় এমন একটি প্রাণবন্ত ডাউনটাউন তৈরি করেছে। সুন্দর এই ওয়াটারফ্রন্ট সম্প্রদায়টি এর কেন্দ্রীভূত, সম্প্রদায়চালিত কৌশলী পরিকল্পনাটি নকশা করেছে এবং অভিজ্ঞের মতো বাস্তবায়ন করেছে, এটি আগামী বহু প্রজন্মের জন্য বাসিন্দা ও বেড়াতে আসা সকলের জন্য লাভজনক হয়ে থাকবে।"

স্টেট সিনেটর জন ডব্লিউ. ম্যানিয়ন বলেন, "ওসওয়েগোর ডাউনটাউন ভিশনকে বাস্তবে পরিণত হতে দেখে আমি আনন্দিত। নিজেদের ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ শেষ করা প্রথম শহর হিসেবে, ওসওয়েগো পুরো স্টেটের শহর ও প্রতিবেশী এলাকার জন্য উদাহরণ স্থাপন করে দিয়েছে। নতুনভাবে উন্নত রিভারওয়াক ধরে হাঁটার জন্য আমি উন্মুখ হয়ে আছি এবং এই

বিজয়ী পরিকল্পনা তৈরি ও বাস্তবায়ন করার জন্য শহরের কর্মকর্তা এবং স্টেকহোল্ডারদেরকে আমি অভিনন্দন জানাচ্ছি। সেন্ট্রাল নিউ ইয়র্কে গভর্নর ক্যাথি হোকলের নেতৃত্ব ও প্রতিশ্রুতির জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য উইলিয়াম এ. বার্কলে বলেন, "ওসওয়েগোর ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগটি অভিভূতকারী একটি সাফল্য হিসেবে প্রমাণিত হয়েছে। নতুনভাবে তৈরি 'স্প্ল্যাশ' ইনডোর ওয়াটার পার্ক রিসোর্টসহ সম্পূর্ণ প্রকল্পগুলি চাকরি তৈরি, দর্শনার্থীদের আকৃষ্ট করা এবং আমাদের দারুণ অঞ্চলের প্রাকৃতিক সৌন্দর্যকে তুলে ধরার কাজ অব্যাহত রাখবে। এইসব প্রকল্পের জন্য যেই কঠোর পরিশ্রম করা হয়েছে তা নিয়ে আমি বিশেষভাবে গর্বিত, এবং আমাদের সম্প্রদায়সমূহ এবং আমার কোনও সন্দেহ নেই যে এটি স্থানীয় অর্থনীতির মানের কেটে দীর্ঘস্থায়ী প্রভাব রাখবে। এইসব প্রকল্পকে বাস্তব করার কাজে জড়িত সকলকে অভিনন্দন।"

ওসওয়েগোর মেয়র উইলিয়াম জে. "বিলি" বারলো বলেন, "ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের অংশ হিসেবে স্প্ল্যাশ ইনডোর ওয়াটারপার্কটি ওসওয়েগোতে আরেকটি অনন্য সুবিধা নিয়ে এসেছে। সম্প্রদায়ের জন্য ইনডোর ওয়াটারপার্কটি একটি উল্লেখযোগ্য অর্থনৈতিক সম্পদ যেহেতু আমরা সত্যিকারের সারা বছরের গন্তব্য হিসেবে নিজেদের প্রচারণা করতে পারবো এবং একইসাথে অতিরিক্ত মজার কাজের সুযোগ প্রদান করে আমাদের নিজেদের বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নত করতে পারবো। সিটি সরকারের সাথে কাজ করে এই প্রকল্পকে বাস্তবায়ন করার জন্য ব্রডওয়েল হসপিটালিটি গ্রুপ এবং সেই সাথে নিউ ইয়র্ক স্টেটকে আমি ধন্যবাদ জানাচ্ছি এবং জানি যে এটি সামনের দিনে আমাদের অঞ্চলের জন্য একটি দারুণ সম্পদ হিসেবে কাজ করবে।"

গ্রেটার ওসওয়েগো-ফুলটন চেম্বার অফ কমার্সের (Greater Oswego-Fulton Chamber of Commerce) নির্বাহী পরিচালক সারা ব্রডওয়েল বলেন, ""স্প্ল্যাশ" ইনডোর ওয়াটারপার্ক রিসোর্টটি ওসওয়েগোতে কর্মসংস্থান সৃষ্টি করবে, কিন্তু আরো গুরুত্বপূর্ণ হলো এটি ওসওয়েগোর জীবনযাত্রার মানে অবদান রাখবে। DRI এর মাধ্যমে ওসওয়েগোতে স্টেটের বিনিয়োগ আরো গতিশীল একটি সম্প্রদায় গঠনে সাহায্য করেছে যা সকলেই উপভোগ করতে পারবে। এটি ওসওয়েগোর সকল ক্ষুদ্র ব্যবসাকে সাহায্য করে যেহেতু এটি আমাদের শহরে প্রতিদিন নতুন বাসিন্দা ও পর্যটনদের আকৃষ্ট করে। নতুন ওয়াটারপার্কটিকে সমর্থন করার জন্য এবং ওসওয়েগোতে এর সাফল্য নিশ্চিত করার জন্য আমরা উন্মুখ।"

ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ (Downtown Revitalization Initiative)
2016 সালে ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ তৈরি করা হয়েছিল রাজ্যের সব দশটি অঞ্চলের শহরতলি এবং পাড়াগুলির পুনরুজ্জীবনকে ত্বরান্বিত করতে এবং বিস্তৃত করার জন্য কার্যকলাপের কেন্দ্র এবং বিনিয়োগের জন্য অনুঘটক হিসাবে কাজ করার জন্য। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট, হোম এবং কমিউনিটি রিনিউয়াল এবং নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA)সহায়তা নিয়ে, স্টেট বিভাগের (Department of State, DOS) নেতৃত্বে DRI নজিরবিহীন ও উদ্ভাবনী "পরিকল্পনার পরে পদক্ষেপ" কৌশলের প্রতিনিধিত্ব করে যা কৌশলী

পরিকল্পনাকে তাৎক্ষণিক বাস্তবায়নের সাথে জোটবদ্ধ করে এবং ফলাফল হিসাবে একটি কম্প্যাক্ট, হাঁটার উপযুক্ত ডাউনটাউন তৈরি করে যা কোভিড-19 মহামারীর প্রভাব থেকে নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতির পুনর্গঠনে, একইসাথে গণপরিবহন ব্যবহারের প্রচার করে এবং ব্যক্তিগত যানবাহনের উপর নির্ভরশীলতা হ্রাস করে স্টেটের সাহসী জলবায়ু লক্ষ্য অর্জন করতে স্টেটকে সাহায্য করার একটি মূল উপকরণ।

এই কর্মসূচির প্রথম পাঁচ বছরে, স্টেট পুনরুজ্জীবনের জন্য উপযুক্ত অবস্থায় রয়েছে এবং পুনর্গঠন, ব্যবসা, চাকরি তৈরি, বৃহত্তর অর্থনৈতিক ও আবাসন সংক্রান্ত বৈচিত্র্য, ও সুযোগের জন্য চুম্বকে পরিণত হওয়ার সম্ভাবনা রয়েছে এমন 59টি ডাউনটাউনে 600 মিলিয়ন ডলার বিনিয়োগ করার প্রতিশ্রুতি দিয়েছে। DRI সম্পর্কে আরো তথ্য এখানে পাওয়া যাবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418